মেহেরপুর প্রতিদিন এ সংবাদ প্রকাশের পর তদন্ত কমিটি গঠন

মেহেরপুর জেনারেল হাসপাতালের করোনা সেলে সেবা দানে নিয়োজিতদের নিম্নামানের খাবার বরবরাহের বিষয়ে তদন্ত কমিটি গঠন করা হয়েছে ।

গত ১৪ জুলাই “ বরাদ্দ ৫’শ হলেও খাবার মিলছে অর্ধেক” শিরোনামে দৈনিক মেহেরপুর প্রতিদিন এ সংবাদ প্রকাশ হওয়ার পর নজরে আসে হাসপাতাল কর্তৃপক্ষের। মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্ব বধায়ক রফিকুল ইসলাম গত ১৫ জুলাই বুধবার তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করেন।

কমিটিতে ডা. মোহাম্মদ আব্দুর রশিদকে সভাপতি, আবাসিক মেডিকেল অফিসার ডা. মোখলেছুর রহমান ও নার্স সুপারভাইজার পাপিয়া খাতুনকে সদস্য করা হয়। এই তিন সদস্যের তদন্ত কমিটির আগামী রবিবার প্রতিবেদন দাখিল করার কথা রয়েছে।

তত্ত্বাবধায়ক ডা. রফিকুল ইসলাম বিষয়টি নিশ্চিত করে বলেন, তদন্ত কমিটি প্রতিবেদন দাখিল করার পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে । যদি অনিয়ম থাকে তবে ঠিকাদার প্রতিষ্ঠাকে কোনভাবেই ছাড় দেওয়া হবে না।

মেপ্র/এমএফআর

মেহেরপুরের বাজিতপুরে মুক্তিযোদ্ধার মৃত্যু, রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

মেহেরপুর সদর উপজেলার বাজিতপুর গ্রামের মুক্তিযোদ্ধা ইয়ানুচ
(৮০) মৃত্যুবরণ করেছেন। গতকাল বুধবার রাত ৮ টায় কুষ্টিয়া সরকারি হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্নালিল্লাহি

রাজিউন)। ইয়ানুচ সদর উপজেলার বাজিতপুর গ্রামের মৃত ফকির মালিথার ছেলে।

মৃত্যু কালে তিনি স্ত্রী, দুই ছেলে ও এক মেয়েসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন । বৃহস্পতিবার সকাল ১০ টায় বাজিতপুর জামে মসজিদ প্রাঙ্গনে রাষ্ট্রিয় মর্যাদায় গার্ড অফ অনার প্রদান করা হয়। পরে বাজিতপুর কবর স্থানে দাফন কাজ সম্পন্ন করা হয়।

গার্ড অব অনার প্রদানের সময় উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম, মুক্তিযোদ্ধা জেলা কমান্ডার বশির আহমেদ, বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহ্জামান, মুক্তিযোদ্ধাদের অন্যান্য সদস্য সহ তার পরিবারের লোকজন।

কাতার বিশ্বকাপের নজিরবিহীন সূচি, একদিনে ৪ ম্যাচ!

অনেক প্রতীক্ষার পর অবশেষে কাতার বিশ্বকাপ-২০২২ এর চূড়ান্ত সূচি ঘোষণা হল। বুধবার নিজেদের অফিসিয়াল টুইটার হ্যান্ডলে বিশ্বকাপের চূড়ান্ত সূচি ও শুরুর তারিখটি জানিয়েছে বিশ্ব ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা (ফিফা)।

আর সেই সূচি দেখেই হতচকিত হয়ে পড়েছেন বিশ্বব্যাপী ফুটবলপ্রেমীরা। কেননা একদিনেই বিশ্ব দেখবে চারটি করে ম্যাচ। তাও আবার মাত্র ১১ ঘণ্টার মধ্যে!

ফিফা জানিয়েছে, গ্রুপ পর্বে প্রতিদিন চারটি করে ম্যাচ অনুষ্ঠিত হবে।
এমন সূচিকে নজিরবিহীন বলে আখ্যা দিচ্ছেন অনেকেই। বিগত আসরগুলোতে এমন সূচিতে খেলা পড়েনি।

সূচি অনুযায়ী, ২০২২ সালের ফুটবল বিশ্বকাপের পর্দা উন্মোচন হবে ২১ নভেম্বর কাতারের রাজধানী দোহা সিটির আল বাইত স্টেডিয়ামে। স্থানীয় সময় দুপুর ১টায় প্রথম ম্যাচ শুরু হবে। চতুর্থ ম্যাচটি

শুরু হবে রাত ১০টায়। ৩২ দলের এই বৈশ্বিক টুর্নামেন্ট শেষ হবে মাত্র ২৮ দিনেই। অর্থাৎ ফাইনাল ম্যাচটি হবে একই বছরের ১৮ ডিসেম্বর লুসাইল স্টেডিয়ামে।

জানা গেছে, আল বাইত স্টেডিয়ামের দর্শক ধারণ ক্ষমতা ৬০ হাজার। আর ফাইনালের ভেন্যু লুসাইল স্টেডিয়ামে দর্শক ধারণ ক্ষমতার ৮০ হাজার।

ফিফা কর্তৃপক্ষ জানিয়েছে, মাত্র ১১ ঘণ্টার ব্যবধানে চার ম্যাচ অনুষ্ঠিত হওয়ার বিষয়ে কোনও সমস্যা হবে না। দোহার আশেপাশে স্টেডিয়ামগুলো অবস্থিত। দূরত্ব কম হওয়ায় একই দিনে চাইলে মাঠে গিয়ে কয়েকটি ম্যাচ উপভোগ করতে পারবেন ফুটবলপ্রেমীরা।

কাতার বিশ্বকাপের আয়োজক কমিটির প্রধান নির্বাহী নাসের আল খাতের জানিয়েছেন, বিশ্বকাপ আয়োজনের কাজ দারুণ গতিতে এগিয়ে চলছে এবং রাস্তা ও অবকাঠামোর ৯০ শতাংশ কাজ সম্পন্ন হয়েছে।

এদিকে জানা গেছে, কাতার বিশ্বকাপ এশিয়া অঞ্চল বাছাইয়ের খেলা আগামী অক্টোবরে শুরু হবে। বাছাই প্রক্রিয়া শেষে আগামী বছর মার্চ-এপ্রিলে হবে ড্র। এরপর নির্দিষ্ট ম্যাচের ভেন্যু ও সময় নির্ধারণ করা হবে।

তথ্যসূত্র: বিডি প্রতিদিন

স্বামীকে ডিভোর্স দিয়ে সৎছেলেকে বিয়ে করলেন রাশিয়ান ব্লগার

রাশিয়ার ক্রাসনোদার ক্রাই-এ বসবাস করেন মারিনা বালমাশেভা। সামাজিক যোগাযোগমাধ্যমে বেশ জনপ্রিয় তিনি। মারিনা সম্প্রতি তার সৎছেলেকে বিয়ে করেছেন। ফলে এতদিন যিনি তার কার্যত সন্তান ছিলেন এখন তিনিই তার স্বামী। এমনকি নতুন এই সম্পর্কে তারা একটি সন্তানেরও জন্ম দিতে চলেছেন বলে জানা গিয়েছে।

২০০৭ সালে অ্যালেক্সি নামে এক ব্যক্তির সঙ্গে বিয়ে হয় মারিনার। অ্যালেক্সির এর আগে একটি বিয়ে ছিল। সেই বিয়ে ভেঙে যাওয়ার পর মারিনা তার জীবনে আসেন। মারিনার সঙ্গে যখন বিয়ে হয় তখন অ্যালেক্সির দু’টি ছেলে ছিল, যার মধ্যে এক জন ৭ বছরের ভ্লাদিমির ‘ভয়া’ শেভিরিন। অ্যালেক্সি ও মারিনা এক দশকের বেশি সময় ধরে সংসার করেন। এমনকি তারা চারটি সন্তান দত্তকও নেন।

স্থানীয় সংবাদ মাধ্যমের দাবি, মারিনা নিজের গর্ভে সন্তান চাইছিলেন। কিন্তু কোনও কারণে তা সম্ভব হয়নি। তা নিয়েই নাকি সম্পর্কে ফাটল ধরে। শেষ পর্যন্ত এক দশকের বেশি সেই দাম্পত্য ভেঙে বিচ্ছেদের সিদ্ধান্ত নেন মারিনা এবং অ্যালেক্সি।
অ্যালেক্সির সঙ্গে বিচ্ছেদ হয়ে গেলেও সৎছেলে ভ্লাদিমিরের সঙ্গে মারিনার নতুন এক সম্পর্ক তৈরি হয়। সেখান থেকে তারা বিয়ের সিদ্ধান্তও নেন। এখন জানা গেছে যে মারিনার গর্ভে ভ্লাদিমিরের সন্তানও এসেছে। তারা নাকি এই বছর গোড়ার দিকেই বিয়ে করবেন ঠিক করেছিলেন। কিন্তু করোনাভাইরাস ছড়িয়ে পড়ার জেরে তা সম্ভব হয়নি। অবশেষে বিয়ে রেজিস্ট্রি করেছেন তারা।

অ্যালেক্সির বয়স এখন ৪৫ বছর আর মারিনার ৩৫। ভ্লাদিমির যাকে মারিনা প্রায় সাত বছর বয়স থেকে দেখাশোনা করছেন সে এখন ২০ বছরের যুবক। অ্যালেক্সি বাকি মোট পাঁচ সন্তানকে নিজের কাছেই রাখার অনুমতি পেয়েছেন। মারিনা ওই সন্তানদের সঙ্গে দেখা করতে পেলেও তাদের নিয়ে বাইরে যেতে বা সোশ্যাল মিডিয়ায় কোনও ছবি ভিডিও শেয়ার করতে পারবেন না, এমনটাই নির্দেশ দিয়েছে সে দেশের চাইল্ড সার্ভিস।

সূত্র: বিডি প্রতিদিন

রিজেন্ট হাসপাতালে সরকারি সরঞ্জাম

সিলগালা করা রাজধানীর রিজেন্ট হাসপাতালে বেশকিছু গুরুত্বপূর্ণ সরকারি চিকিৎসা যন্ত্রপাতি রয়েছে। এগুলো ফেরত চেয়ে সম্প্রতি

পরিবারকল্যাণমন্ত্রীকে জানানো হয়নি বলে সংশ্লিষ্ট একটি সূত্র নিশ্চিত করেছে।

এ প্রসঙ্গে জানতে চাইলে স্বাস্থ্য অধিদফতরের পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক) ডা. মো. আমিনুল হাসান বুধবার যুগান্তরকে বলেন, মন্ত্রণালয়ের নির্দেশে সিএমএসডি থেকে সরাসরি এসব মালামাল রিজেন্ট হাসপাতালকে দেয়া হয়। এর সঙ্গে তার দফতরের কোনো সম্পৃক্ততা নেই।

স্বাস্থ্য অধিদফতরের এক কর্মকর্তা যুগান্তরকে জানান, অভিযানের পূর্বে রিজেন্ট হাসপাতালের পক্ষ থেকে দুটি হাসপাতালের জন্য দুই কোটি ছয় লাখ টাকার বিল জমা দেয়া হয়েছিল। যদিও মেশিনপত্র, চিকিৎসক সবই ছিল সরকারি। এছাড়া রোগীদের সব সেবা বিনামূল্যে দেয়ার কথা থাকলেও সেখানে সব ধরনের বিল নেয়া হতো। শুধু তাই নয়, রিজেন্ট হাসপাতালে করোনার ১০ হাজার নমুনা পরীক্ষার মধ্যে ৬ হাজারই ভুয়া রিপোর্ট ছিল বলে জানায় সংশ্লিষ্ট সূত্র। সূত্র-যুগান্তর

মেহেরপুরে আরো ৩ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরো ৩ জন করোনা আক্রান্ত হয়েছেন। আক্রান্ত সকলেই সদর উপজেলার।

এ নিয়ে জেলায় ১১৫ (সদর- ৬১, গাংনী -৪৩, মুজিবনগর -১১) জন করোনায় আক্রান্ত হলেন। এর মধ্যে ৬৫ জন সুস্থ হয়েছেন, ৬ জন মারা গেছেন। ১০ জনকে রেফার্ড করা হয়েছে।

মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন জানান, আজ বুধবার কুষ্টিয়া মেডিকেল কলেজ থেকে ১৪ টি রিপোর্ট এসেছে। এর মধ্যে ৪টি পজিটিভ, ১টি ফলোয়াপ।

তিনি জানান, এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা ২১২১টি।

মেহেরপুরে গাঁজাসহ দুইজন আটক

মেহেরপুরে তাসবির হুসাইন সজল (২৫) ও আরিফুল ইসলাম (২২) নামের দুই মাদক কারবারিকে ১শ গ্রাম গাঁজাসহ আটক করেছে সদর থানা পুলিশ। বুধবার এস আই রফিকুল ইসলাম এর নেতৃত্বে অভিযান চালিয়ে দুপুরে সদর উপজেলার দক্ষিণ শাকিলা গ্রামের কবরস্থান থেকে তাদের আটক করা হয়।

আটক তাসবির হুসাইন সজল মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের পশ্চিমপাড়ার মৃত আমিরুল ইসলামের ছেলে ও আরিফুল ইসলাম একই গ্রামের মো. শুকুর আলীর ছেলে।

সদর থানার ওসি শাহ দারা খান বিষয়টি নিশ্চিত করে বলেন, আটক আসামীদের বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

জীবননগর হাসাদাহ ইউপি চেয়ারম্যান ও সদস্যসের বিরুদ্ধে সংবাদ সম্মেলন ও মানব বন্ধন

জীবননগর উপজেলা হাসাদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান রবিউল ইসলাম ও ইউপি সদস্য সোহেল রানা শ্যামলের বিরুদ্ধে হাসাদাহ জাফরাবাজ পাড়ার মৃত সিরাজ উদ্দিনের ছেলে সোহরাফ এবং ছেলে রাজুর প্রান নাশের হুমকির প্রতিবাদে এক সংবাদ সম্মেলন ও মানব বন্ধন অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল ১০ ঘটিকার সময় স্থানীয় হাসাদাহ বাজারে এলাকার প্রতিবাদি মুখোর সর্ব সাধারনের উপস্থিতে এই মানব বন্ধন অনুষ্ঠিত

দর্শনা প্রেসক্লাবে যমুনা গ্রুপের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম এর মৃত্যুতে শোকসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা প্রেসক্লাবের আয়োজনে দৈনিক যুগান্তর ও যমুনা টেলিভিশনের প্রতিষ্ঠাতা যমুনা গ্রুপের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম এর মৃত্যুতে শোকসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার দুপুর ১২ টায় দর্শনা প্রেসক্লাব কক্ষে শোক সভা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দর্শনা প্রেসক্লাবের সভাপতি (দৈনিক ইত্তেফাক) দামুড়হুদা(চুয়াডাঙ্গা) সংবাদদাতা মো: মনিরুজ্জামান ধীরু। শোক সভায় বক্তব্য রাখেন দর্শনা প্রেসক্লাবের সাধারন সম্পাদক (দৈনিক ভোরের কাগজ) দামুড়হুদা(চুয়াডাঙ্গা)প্রতিনিধি মো: আওয়াল হোসেন।

উপস্থিত ছিলেন দর্শনা প্রেসক্লাবের সহসাধারন সম্পাদক (দৈনিক নয়াদিগন্ত) দামুড়হুদা(চুয়াডাঙ্গা) সংবাদদাতা মো: মনিরুজ্জামান সুমন, দর্শনা প্রেস ক্লাবের সাবেক সাধারন সম্পাদক (মেহেরপুর প্রতিদিন) দর্শনা ব্যুরো প্রধান মো: আহসান হাবীব মামুন, (দৈনিক আমাদের নতুন সময়) চুয়াডাঙ্গা প্রতিনিধি মাসুম বিল্লাহ, (দৈনিক প্রজন্মের ভাবনা) দর্শনা প্রতিনিধি চিকিৎক মো: আব্দুল হান্নান, (দৈনিক সময়ের সমীকরন) দর্শনা সহকারী বুরো প্রাধান মো: ওয়াসিম রয়েল, (দৈনিক আকাশ খবর) দর্শনা সহকারী ব্যুরো প্রাধান মো: ইমতিয়াজ আহমেদ রয়েল, (দৈনিক জবাব দিহি) দামুড়হুদা(চুয়াডাঙ্গা)প্রতিনিধি সুকমল চন্দ্র বাধন, (দৈনিক এই আমার দেশ) দর্শনা প্রতিনিধি আবিদ হাসান রিফাত, (মেহেরপুর প্রতিদিন) দর্শনা প্রতিনিধি মো: ফরহাদ হোসেন ।

শোক সভায় বক্তরা সকলে যমুনা গ্রুপের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম এর মৃত্যুতে শোক প্রকাশ করেন। তার পরিবারের প্রতি সমবেদনা জানান। মরহুমের আত্মার মাগফিরাত কামনা

করে তাকে জান্নতুল ফৌদেস।

দোয়া পরিচালনা করেন (দৈনিক সংগ্রাম) চুয়াডাঙ্গা প্রতিনিধি শিক্ষক মো: আলমগীর হোসেন। অনুষ্ঠানটি পরিচালনা সহ সার্বিক সহযোগিতা করেন (দৈনিক যুগান্তর) দামুড়হুদা(চুয়াডাঙ্গা)প্রতিনিধি ইকরামুল হক পিপুল।

দলীয় কমিটিতে সাহেদদের মত প্রতারক রাখবেন না: স্বরাষ্ট্রমন্ত্রী

রাজনৈতিক দলের কোনো কমিটিতে যেন করোনার রিপোর্ট নিয়ে জালিয়াতি করা মো. সাহেদ ওরফে সাহেদ করিমের মত প্রতারকদের রাখা না হয়, সেই আহ্বান জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল।

তিনি বলেছেন, তারা সুপারিশ করবেন কমিটিতে কাউকে নেয়ার আগে যেন ভালো করে যাচাই-বাছাই ও ব্যক্তির সম্পর্কে খোঁজ খবর নেয়া হয়।

বুধবার সচিবালয়ে সংবাদ ব্রিফিংয়ে তিনি এ কথা বলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সাহেদ একজন ক্রিমিনাল (অপরাধী)। সে অনেকের সঙ্গে প্রতারণা করেছে। আর কখনো, কোনো দিন যেন সে এ ধরনের প্রতারণা করতে না পারে, সে জন্য ব্যবস্থা নেয়া হবে।

একের পর এক প্রতারণার পরও কেন এতদিন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তার বিরুদ্ধে কিছু করতে পারল না- এমন প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, প্রতারকেরা ফাঁকফোকর দিয়ে অপরাধ করে। তবে ভবিষ্যতে যেন কেউ এমন প্রতারণা করতে না পারে সরকার ও তার সংশ্লিষ্ট দফতর সেদিকে সজাগ আছে।

এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, স্বাস্থ্য মন্ত্রণালয় চাইলে আইন-কানুন না মেনে পরিচালিত সব হাসপাতালের বিরুদ্ধে তারা অভিযান

চালাবেন।

এর আগে সংবাদ ব্রিফিংয়ে মন্ত্রী বলেন, অপরাধীদের ব্যাপারে সরকার ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবস্থান অত্যন্ত কঠোর। কাউকেই ছাড় দেয়া হবে না।

প্রসঙ্গত রিজেন্ট প্রতারণার হোতা সাহেদকে বুধবার সকালে গ্রেফতার করা হয়েছে। তিনি বোরকা পরে ছদ্মবেশে সীমান্ত পার হওয়ার চেষ্টা করছিলেন বলে জানান র্যাব। পরে তাকে নিয়ে অভিযানে বের হয় র্যাব।

সূত্র- যুগান্তর